



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১৪৫

তারিখ: ৭ চৈত্র ১৪৩০

২১ মার্চ ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবদুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪), প্রভাষক, হিসাববিজ্ঞান, রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং আরও ০১ জন-কে বিবাদী করা হয়েছে। বিগত ০৬/০২/২০২৪ তারিখ বিবাদীগণ বরাবর কারণ দর্শানোর জন্য নিম্নরূপ নির্দেশ প্রদান করা হয়: 'উপর্যুক্ত অবস্থায় বিগত ০৭/০৯/২০২৩ তারিখের স্মারক মোতাবেক আনীত অভিযোগনামা মূলে বিভাগীয় মামলা নং-৫৮/২৩এবং ০১/১০/২০২৩ তারিখের স্মারক মোতাবেক আনীত অভিযোগনামা মূলে বিভাগীয় মামলা নং-৫৭/২৩এর আদেশদ্বয়ের কার্যকারিতা অত্র মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কেন স্থগিত রাখার আদেশ দেওয়া হবে না তৎমর্মে অত্র নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রতিপক্ষের কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হল।'


০২। প্রতিপক্ষ নোটিশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে ০৬/০২/২০২৪ তারিখের আদেশের প্রেক্ষিতে কোনো প্রকার কারণ দর্শান নাই বা কোনরূপ পদক্ষেপ গ্রহণ করেন না। সেমতে বিগত বিগত ০৭/০৯/২০২৩ তারিখের স্মারক মোতাবেক আনীত অভিযোগনামা মূলে বিভাগীয় মামলা নং-৫৮/২৩এবং ০১/১০/২০২৩ তারিখের স্মারক মোতাবেক আনীত অভিযোগনামা মূলে বিভাগীয় মামলা নং-৫৭/২৩এর আদেশদ্বয়ের কার্যকারিতা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিতের দরখাস্ত মঞ্জুর যোগ্য সাব্যস্ত হলো। অতএব বিগত ০৭/০৯/২০২৩ এবং ০১/১০/২০২৩ তারিখের কার্যকারিতা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করা হলো। প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ মামলায় আগামী ২৮/০৩/২০২৪ তারিখে প্রতিপক্ষের জবাব দাখিল করা নির্দেশনা দেওয়া হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;

- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২১-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১৪৫/১(৩)

তারিখ: ৭ চৈত্র ১৪৩০

২১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২১-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব